



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিক এর ভ্রাম্যমান আদালতে ইংরেজি সাইন বোর্ড এর বিরুদ্ধে অভিযান অব্যাহত

চট্টগ্রাম- ৫ নভেম্বর, ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ সোমবার চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর লাভলেইন থেকে কাজীর দেইরী মোড় পর্যন্ত রাস্তার উভয় পাশে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রদর্শিত ২৫টি ইংরেজী সাইন বোর্ড কালো রং দিয়ে মুছে দেওয়ার হয় এবং আগামী ৩ দিনের মধ্যে বাংলা সহ সাইন বোর্ড স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এই অভিযান অব্যাহত থাকবে।

অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী এবং মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন